

যুগান্তর

ইবির 'সি' ইউনিটে পাসের হার ১১ শতাংশ

প্রকাশ : ১৬ নভেম্বর ২০১৯, ২১:৫৯ | অনলাইন সংক্রান্ত

ইবি প্রতিনিধি



ইবিতে ভর্তি পরীক্ষা। ছবি: যুগান্তর

ইসলামী
বিশ্ববিদ্যালয়ের (ইবি)
২০১৯-২০ শিক্ষাবর্ষের
ভর্তি পরীক্ষার ব্যবসায়
প্রশাসন অনুষদভুক্ত
'সি' ইউনিটের ফল
প্রকাশ করা হয়েছে।
প্রকাশিত ফলে পাসের
হার ১০.৮২ শতাংশ।

শনিবার সন্ধ্যা সাড়ে
৭টার দিকে ইউনিট
সমন্বয়কারী প্রফেসর
ড. জাকারিয়া রহমান
বিশ্ববিদ্যালয়ের ভিসি
প্রফেসর ড. রাশিদ
আসকারীর কাছে তার
কার্যালয়ে
আনুষ্ঠানিকভাবে এ ফল
হস্তান্তর করেন। এ
সময় ইউনিট সংশ্লিষ্টরা
উপস্থিত ছিলেন।

ভর্তি পরীক্ষায় 'সি' ইউনিটে বাণিজ্য ও অবাণিজ্য গ্রন্থে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'সি' ইউনিটের পরীক্ষায় ৪৫০ আসনের বিপরীতে আবেদন করে ৮ হাজার ৯৩০ জন শিক্ষার্থী। এর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেন ৭ হাজার ৭২৬ জন।

বাণিজ্য (ব্যবসায় শিক্ষা) গ্রন্থে ৩১৫টি আসনের বিপরীতে মোট ৪ হাজার ৭৫২ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। এতে মোট ৪৬২ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়। উত্তীর্ণদের মধ্যে থেকে ৩১৫ জনকে মেধা তালিকায় এবং ১৪৭ জনকে অপেক্ষমান রাখা হয়েছে।

অবাণিজ্য (অন্যান্য) গ্রন্থে ১৩৫টি আসনের বিপরীতে ২ হাজার ৯৭৪ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। এতে মোট ৪৬৭ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়। উত্তীর্ণদের মধ্যে থেকে ১৩৫ জনকে মেধাতালিকায় এবং ৩০২ জনকে অপেক্ষমান তালিকায় রাখা হয়েছে।

ফলাফল সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.iu.ac.bd)-এ পাওয়া যাবে। মেধাতালিকায় স্থানপ্রাপ্তদের ১৬ থেকে ১৯ নভেম্বর অনলাইনে বিভাগ পছন্দ করতে বলা হয়েছে। ২৩ ও ২৪ নভেম্বর সকাল ৯টা থেকে ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অফিসে মেধাতালিকায় স্থানপ্রাপ্তদের সাক্ষাত্কার অনুষ্ঠিত হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।